রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ১৭, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

## প্রজ্ঞাপন

ঢাকা, ৩০শে মাঘ ১৪০৪ বাং/১২ই ফেব্রুয়ারী ১৯৯৮ ইং

এস, আর, ও, নং ১৯-আইন/৯৮/১৭৩১/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারার ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে অর্থ বিভাগের ২১শে ডিসেম্বর, ১৯৯৫ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২২৮-আইন/৯৫/১৬৫০/শুল্ক এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনে—(ক) অনুচ্ছেদ (৩) এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ (৩) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(৩) TABLE-2 এ উল্লিখিত যন্ত্রাংশের শুল্ক ও কর রেয়াত সুবিধার জন্য উক্ত যন্ত্রাংশ TABLE-1 এ উল্লিখিত মূলধনী যন্ত্রপাতির সহিত একত্রে ব্যবহার্য হইতে হইবে এবং মূলধনী যন্ত্রপাতির আমদানির পরবর্তী এক বৎসরের মধ্যে সংশ্লিষ্ট যন্ত্রাংশ আমদানিকৃত হইতে হইবে। মূলধনী যন্ত্রপাতির মূল্যের দশ শতাংশ মূল্যসীমা পর্যন্ত আমদানিকৃত যন্ত্রাংশের শুল্কায়নের ক্ষেত্রে অনুচ্ছেদ (২) প্রযোজ্য হইবে এবং উক্ত মূল্য সীমার অতিরিক্ত মূল্যের যন্ত্রাংশের ক্ষেত্রে মূল্যভিত্তিক ৭·৫ শতাংশ শুল্ক নগদ পরিশোধ করিতে হইবে।";



মূল্য : টাকা ১·০০

(খ) অনুচ্ছেদ (৭) এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ (৭) প্রতিস্থাপিত হইবে, যথাঃ–

"(৭) অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত শর্তাধীন ব্যতীত, শুধুমাত্র যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না।";

২। এই প্রজ্ঞাপন ১২ই জুন, ১৯৯৭ ইংরেজী মোতাবেক ২৯শে জৈষ্ঠ, ১৪০৪ বাংলা তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খাজা গোলাম সারওয়ার

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
বিমান বিহারী দাস, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।